# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2019**
**SECOND YEAR [BATCH 2017-20]**
**BENGALI (Honours)**
**Paper :** IV

Date : 16/05/2019
Time : 11 am – 3 pm
Full Marks : 86

## বিভাগ - ক

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) অসাম্প্রদায়িক চেতনার নির্মাণ ও মানবিক দৃষ্টিভঙ্গির বিকাশে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসের গুরুত্ব পর্যালোচনা করো।

খ) ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) 'রাজসিংহ' উপন্যাসের প্রচলিত সংস্করণের বিন্যাস-ভাবনায় দেখা মিলেছে কথাকারের ঐতিহাসিক কাহিনি গ্রন্থনার পরিকল্পিত মেজাজ ও লেখনীর দৃঢ়তা— বিশ্লেষণ করো।

খ) 'রাজসিংহ' উপন্যাসটি অবলম্বনে নারীচরিত্র রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) 'ঘরে বাইরে' উপন্যাসটির নামকরণের সার্থকতা বিষয়ে আলোচনা করো।

খ) 'ঘরে বাইরে' উপন্যাসটির গঠনপরিকল্পনার অভিনবত্ব সম্বন্ধে আলোচনা করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) চেতনাপ্রবাহধর্মী উপন্যাসের উদ্ভব বিষয়ে আলোচনা করে দৃষ্টান্তসহ এর বৈশিষ্ট্য নিরূপণ করো।

খ) আঞ্চলিক উপন্যাস কাকে বলে? একটি আঞ্চলিক উপন্যাসের আলোচনার মাধ্যমে এই জাতীয় উপন্যাসের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গল্পে সমাজবাস্তবতা প্রসঙ্গে আলোচনা করো।

খ) ছোটগল্পকার রূপে বিমল কর—এর সাহিত্য প্রতিভার পরিচয় দাও।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) অতিপ্রাকৃত গল্পরূপে 'নিশীথে'র স্বাতন্ত্র্য বিচার করো।

খ) ছোটগল্পরূপে 'শাস্তি' গল্পটির শিল্পসার্থকতা বিষয়ে আলোচনা করো।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) বাংলা পত্রসাহিত্যের ঐতিহাসিকতা পর্যালোচনা করো।

খ) রম্যরচনা কাকে বলে? রম্যরচনার বৈশিষ্ট্য এবং বাংলা রম্যরচনার ধারা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

——————— × ———————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2019**
**SECOND YEAR [BATCH 2017-20]**
**BENGALI (Honours)**

Date : 16/05/2019
Time : 25 minutes

**Paper :** IV

Full Marks : 14

## বিভাগ - খ

Admit Roll No....................................... Signature of Invigilator's ...............................

Registration No.....................................

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ—

১। ব্যুৎপত্তি নির্ণয় কর ঃ [১৪×০.৫]

i) গ্রহণ

ক) গ্রহ + অনট্ খ ) গ্রহ্ + অনট গ ) গ্রহ + অনট ঘ) গ্রহ্ + অনট্

ii) দ্রষ্টব্য

ক) দৃশ্ + টব্য খ) দৃশ্ + তব্য গ) দৃষ্ + তব্য ঘ) দৃষ্ + টব্য

iii) করণীয়

ক) কৃ + অণীয় খ) কর্ + অনীয় গ) কৃ + অনীয় ঘ) কর্ + অণীয়

iv) বুদ্ধিমান

ক) বুদ্ধি + বতুপ্ খ) বুদ্ধি + মতুপ্ গ) বুদ্ধি + মতুপ ঘ) বুদ্ধি + বতুপ

v) নীলিমা

ক) নীল + ইমা খ) নীল + ইমন গ) নীল + ইমন্ ঘ) নিল + ইমা

vi) মৃণ্ময়

ক) মৃৎ + ময়ট খ) মৃৎ + ময় গ) মৃৎ + ময়ট্ ঘ) মৃণ্ + ময়

vii) প্রতিযোগিতা

ক) প্রতিযোগি + তা খ) প্রতিযোগী + তা গ) প্রতীযোগী + তা ঘ) প্রতীযোগি + তা

viii) দায়িত্ব

ক) দায়ি + ত্ব খ) দায়িন্ + ত্ব গ) দায়ী + ত্ব ঘ) দায়ীন্ + ত্ব

ix) নৈপুণ্য

ক) নিপুণ + য্ন খ) নিপুণ + য্ন্য গ) ণিপুন + য্ন ঘ) ণিপুন + য্ন্য

x) শারীরিক

ক) শরীর + য়্নীক খ) শরির + য়্নিক গ) শরীর + য়্নিক্ ঘ) শরীর + য়্নিক

xi) পিপাসা

ক) পা + সন + অ + আ  খ) পা + সন্ + আ + আ  গ) পা + সন্ + আ + অ  ঘ) পা + সন + আ + অ

xii) বর্ধমান

ক) বর্ধ্ + শানচ  খ) বৃধ্ + শানচ  গ) বৃধ্ + শানচ্  ঘ) বর্ধ্ + শানচ্

xiii) দূরীকরণ

ক) দূর + চ্বী + কৃ + অনট্  খ) দূর + চ্বি + কৃ + অনট্  গ) দূর + চ্বি + কর্ + অনট্  ঘ) দূর + চ্বী + কর্ + অনট্

xiv) প্রকার

ক) প্র – কৃ + ঘঞ্  খ) প্র – কৃ + ঘঞ  গ) প্র – কর্ + ঘঞ  ঘ) প্র – কর্ + ঘঞ্

২। নির্দেশ অনুসারে পরিবর্তন কর ঃ— [৭×১]

ক) এ জমি লইব কিনে। (ভাববাচ্যে)

উঃ

খ) তাকে টিকিট কিনতে হয় নি। (কর্তৃবাচ্যে)

উঃ

গ) সাঁতার জানলে আবার ভয় কীসের? (জটিল বাক্যে)

উঃ

ঘ) বাংলার মুখ আমি দেখিয়াছি। (কর্মবাচ্যে)

উঃ

ঙ) তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইলাম না। (সরল বাক্যে)

উঃ

চ) আমি তোর জন্য আহার প্রস্তুত করিয়া রাখি নাই। (প্রশ্নবোধক বাক্যে)

উঃ

ছ) মরা লোকে তো আর কথা কয় না। (হ্যাঁবাচক বাক্যে)

উঃ

———— × ————